

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৯৭

১/ পবিত্রতা ( كتاب الطهارة عن رسول الله ﷺ )

পরিচ্ছেদঃ মোযার উপর ও নীচ উভয় দিকে মাসেহ করা।

### باب مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ أَعْلَاهُ وَأَسْفَلِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، أَخْبَرَنِي ثَوْرُ بْنُ يَزِيدَ، عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ، عَنْ كَاتِبِ الْمُغِيرَةِ، عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ أَعْلَى الْخُفِّ وَأَسْفَلَهُ . قَالَ أَبُو عِيسَى وَهَذَا قَوْلُ غَيْرِ وَاحِدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ مِنَ الْفُقَهَاءِ وَبِهِ يَقُولُ مَالِكٌ وَالشَّافِعِيُّ وَإِسْحَاقُ . وَهَذَا حَدِيثٌ مَعْلُومٌ لَمْ يُسْنِدْهُ عَنْ ثَوْرِ بْنِ يَزِيدَ غَيْرُ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ . قَالَ أَبُو عِيسَى وَسَأَلْتُ أَبَا زُرْعَةَ وَمُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ عَنْ هَذَا الْحَدِيثِ فَقَالَا لَيْسَ بِصَحِيحٍ لِأَنَّ ابْنَ الْمُبَارَكِ رَوَى هَذَا عَنْ ثَوْرٍ عَنْ رَجَاءِ بْنِ حَيْوَةَ قَالَ حَدَّثْتُ عَنْ كَاتِبِ الْمُغِيرَةِ مُرْسَلٌ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَذْكُرْ فِيهِ الْمُغِيرَةَ .

বাংলা

৯৭. আবুল ওয়ালীদ দিমাশকী (রহঃ) .... মুগীরা ইবনু শু'বা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে , নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চামড়ার মোযার উপর ও নীচ উভয় পিঠেই মাসেহ করেছেন। - ইবনু মাজাহ ৫৫০, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা তিরমিযী বলেনঃ একধিক সাহাবী ও তাবিঈর অভিমত এ-ই। ইমাম মালিক, শাফিঈ ও ইসহাক (রহঃ) ও এই অভিমত পোষণ করেন। এই হাদিসটি মা'লুল বা দোষযুক্ত। ছাওর ইবনু ইয়াযীদেদর সূত্রে মারফু ও মুত্তাসিল হিসাবে ওয়ালীদ ইবনু মুগীরা (রহঃ) ছাড়া আর কেউ হাদিসটি রিওয়ায়াত করেননি। ইমাম আবু ঈসা তিরমিযী বলেনঃ আমি আবু যুরা'আ ও মুহাম্মাদ আল-বুখারী (রহঃ)- কে এই হাদিসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তারা বললেনঃ এটি সহীহ নয়। কারণ, ইবনু মুবারক (রহঃ) রাজা' ইবনু হায়ওয়া থেকে ছাওরের সূত্রে এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। তিনি বলেন, মুগীরার লিপিকারেদর সূত্রে আমার নিকট হাদিসটি বর্ণিত হয়েছে। তিনি এটি মুরসালরূপে বর্ণনা করেছেন। কারণ এতে সাহাবী মুগীরা রাদিয়াল্লাহু আনহু এর নাম উল্লেখ করেননি।

## English

Al-Mughirah bin Shu'bah narrated:  
"The Prophet wiped over the Khuff and its bottom."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16420>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন